পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়
রেড ক্রিসেন্ট বোরাকটাওয়ার (লেভেল- ৮)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।
www.pallisanchaybank.gov.bd

স্মারকঃ পসব্য/প্রকা/প্রশা-০৯/২০২১-২২/ ২৫৪ তারিখঃ ১৭/০৮/২০২১ খ্রিঃ

১। জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
পল্লী সঞ্চয় ব্যাংক, সকল জেলা।

২। শাখা ব্যবস্থাপক
পল্লী সঞ্চয় ব্যাংক, সকল শাখা।

বিষয়ঃ পল্লী সঞ্চয় ব্যাংক শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০২১।

ব্যাংকের পরিচালনা বোর্ডের ২৭/০৬/২০২১ তারিখে অনুষ্ঠিত ৬৬তম সভায় পল্লী সঞ্চয় ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের জন্য "শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০২১" অনুমোদিত হয়েছে যা এতদসঙ্গে আপনাদের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

২। এই নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

১৭.৮.২১
(আকবর হোসেন)
ব্যবস্থাপনা পরিচালক (অতিঃ সচিব)
পল্লী সঞ্চয় ব্যাংক

পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল- ৮)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।
www.pallisanchaybank.gov.bd

# শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০২১

১. পটভূমিঃ

"সোনার বাংলা গড়ার প্রত্যয়: জাতীয় শুদ্ধাচার কৌশল" শিরোনামে জাতীয় শুদ্ধাচার কৌশল ২০১২ সালে মন্ত্রিসভার বৈঠকে অনুমোদিত হওয়ার পর গেজেট আকারে প্রকাশ করা হয়। জাতীয় শুদ্ধাচার কৌশলের রূপকল্প "সুখি-সমৃদ্ধ সোনার বাংলা" এবং অভিলক্ষ্য "রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা"। এ কৌশল বাস্তবায়নে মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে জাতীয় শুদ্ধাচার উপদেষ্টা পরিষদ এবং মাননীয় অর্থমন্ত্রীর নেতৃত্বে উপদেষ্টা পরিষদের নির্বাহী কমিটি গঠিত হয়েছে। জাতীয় শুদ্ধাচার উপদেষ্টা পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সকল রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের ন্যায় পল্লী সঞ্চয় ব্যাংকের নৈতিকতা কমিটি গঠিত হয়েছে এবং নৈতিকতা কমিটির সদস্য-সচিব শুদ্ধাচার ফোকাল পয়েন্ট হিসেবে কাজ করছেন। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে পল্লী সঞ্চয় ব্যাংক শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করেছে। উক্ত কর্ম পরিকল্পনায়, অন্যান্য কর্মকান্ডের সঙ্গে শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে, পল্লী সঞ্চয় ব্যাংকের কর্মচারীদের জন্য শুদ্ধাচার পুরস্কার প্রদানের কার্যক্রম অন্তর্ভুক্ত রয়েছে। বিগত ০৩.০৪.২০১৭ খ্রি. তারিখে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত "শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭" এর অনুসরণে পল্লী সঞ্চয় ব্যাংকের জন্য প্রণীত "শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০২১" ব্যাংকের পরিচালনা বোর্ডের ২৭.০৬.২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত ৬৬তম সভায় অনুমোদিত হয়। যথা:-

২. উদ্দেশ্য:

পল্লী সঞ্চয় ব্যাংকের কর্মচারীদের পুরস্কার প্রদানের লক্ষ্যে এ নীতিমালা অনুসরণে প্রতি অর্থবছরে ব্যাংকের কর্মচারীদের শুদ্ধাচার চর্চার নিমিত্ত পুরস্কার প্রদান করা হবে।

৩. পুরস্কার প্রদানের ক্ষেত্রসমূহ:

পুরস্কার প্রদানের ক্ষেত্রে পল্লী সঞ্চয় ব্যাংকের সকল কর্মচারীর শুদ্ধাচার চর্চার জন্য নিম্নরূপ ক্ষেত্রসমূহ বিবেচনা করা হবে, যথা:-

৩.১ পল্লী সঞ্চয় ব্যাংকের সদর দফতরের গ্রেড-২ হতে গ্রেড-১০ ভূক্ত একজন কর্মচারী এবং গ্রেড-১১ হতে গ্রেড-২০ ভুক্ত একজন কর্মচারী।

৩.২ জেলা কার্যালয়সমূহের প্রধানদের মধ্য হতে একজন কর্মচারী।

৩.৩ জেলা ও শাখা কার্যালয়সমূহের গ্রেড-৪ হতে গ্রেড-১০ ভুক্ত একজন কর্মচারী এবং গ্রেড-১১ হতে গ্রেড-২০ ভুক্ত একজন কর্মচারী।

৩.৪ শাখা কার্যালয়সমূহের প্রধানদের মধ্য হতে একজন কর্মচারী।

৩.৫ শাখা কার্যালয়সমূহের গ্রেড-৫ হতে গ্রেড-১০ ভুক্ত একজন কর্মচারী এবং গ্রেড-১১ হতে গ্রেড-২০ ভুক্ত একজন কর্মচারী।

* "কর্মচারী" বলতে পল্লী সঞ্চয় ব্যাংকে চাকরিরত সকলকে বুঝাবে।

৪. মূল্যায়ন পদ্ধতি:

নীতিমালায় বর্ণিত সূচক (Indicators) এর ভিত্তিতে এবং প্রদত্ত পদ্ধতি অনুসরণে এ পুরস্কার প্রদানের জন্য কর্মচারী নির্বাচন করা হবে। পুরস্কার প্রদানের জন্য সুপারিশ করার ক্ষেত্রে শুদ্ধাচার চর্চার জন্য মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ১৮টি সূচকে ৯০ নম্বর এবং পল্লী সঞ্চয় ব্যাংক কর্তৃক ধার্যকৃত (ক্রমিক নং ১৯ এবং ২০) অন্যান্য কার্যক্রমে ১০ নম্বরসহ নিম্নের ছকে উল্লিখিত মোট ১০০ নম্বর বিবেচনা করা হবে:

## সূচকসমূহ (Indicators)

| ক্রমিক নং | সূচক | নম্বর | প্রাপ্ত |
|---|---|---|---|
| ১. | পেশাগত জ্ঞান ও দক্ষতা | ০৫ | |
| ২. | সততার নিদর্শন | ০৫ | |
| ৩. | নির্ভরযোগ্য ও কর্তব্যনিষ্ঠা | ০৫ | |
| ৪. | শৃঙ্খলাবোধ | ০৫ | |
| ৫. | সহকর্মীদের সঙ্গে আচরণ | ০৫ | |
| ৬. | সেবা গ্রহীতাদের সঙ্গে আচরণ | ০৫ | |
| ৭. | প্রতিষ্ঠানের বিধি-বিধানের প্রতি শ্রদ্ধাশীলতা | ০৫ | |
| ৮. | সমন্বয় ও নেতৃত্ব দানের ক্ষমতা | ০৫ | |
| ৯. | তথ্য প্রযুক্তি ব্যবহারে পারদর্শিতা | ০৫ | |
| ১০. | পেশাগত, স্বাস্থ্য ও পরিবেশ বিষয়ক নিরাপত্তা সচেতনতা | ০৫ | |
| ১১. | ছুটি গ্রহণের প্রবণতা | ০৫ | |
| ১২. | উদ্ভাবন চর্চা | ০৫ | |
| ১৩. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে তৎপরতা | ০৫ | |
| ১৪. | সোশ্যাল মিডিয়া ব্যবহার | ০৫ | |
| ১৫. | স্ব-প্রণোদিত তথ্য প্রকাশে আগ্রহ | ০৫ | |
| ১৬. | উপস্থাপন দক্ষতা | ০৫ | |
| ১৭. | ই-ফাইল ব্যবহারে আগ্রহ | ০৫ | |
| ১৮. | অভিযোগ প্রতিকারে সহযোগিতা | ০৫ | |
| ১৯. | খেলাপী ঋন আদায়ে বিশেষ দক্ষতা/স্বীয় কর্মে বিশেষ দক্ষতা | ০৫ | |
| ২০. | বাছাই কমিটি কর্তৃক সার্বিক মূল্যায়ন | ০৫ | |
| | **সর্বমোট =** | **১০০** | |

৫. <u>পুরস্কার প্রাপ্তির যোগ্যতা নির্ধারণ:</u>

৫.১ বিবেচ্য কর্মচারীকে প্রতি অর্থবছরে ন্যূনতম ০৬ (ছয়) মাস পল্লী সঞ্চয় ব্যাংকের সংশ্লিষ্ট দফতর/বিভাগ/জেলা/শাখা অফিসে চাকুরী করতে হবে;

৫.২ কোন কর্মচারীর গুণাবলীর সূচকের বিপরীতে প্রাপ্ত সর্বমোট নম্বরের ভিত্তিতে সেরা কর্মচারী হিসেবে মূল্যায়ন করা হবে।

৫.৩ কোন কর্মচারীর মোট প্রাপ্ত নম্বর ন্যূনতম ৮০ না হলে তিনি শুদ্ধাচার পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।

৫.৪ সর্বোচ্চ নম্বর প্রাপ্ত কর্মচারী শুদ্ধাচার পুরস্কারের জন্য বিবেচিত হবেন;

৫.৫ মূল্যায়নের পর একাধিক কর্মচারী একই নম্বর পেলে জ্যেষ্ঠতা বা, ক্ষেত্রমত, লটারীর ভিত্তিতে সেরা কর্মচারী নির্বাচন করা হবে;

৫.৬ কোন কর্মচারী যে কোন অর্থবছরে একবার শুদ্ধাচার পুরস্কার পেলে তিনি পরবর্তী ০৩ (তিন) অর্থবছরের মধ্যে পুনরায় পুরস্কার পাওয়ার জন্য বিবেচিত হবেন না।

৬. <u>শুদ্ধাচার চর্চার পুরস্কার প্রদানের জন্য বাছাই পদ্ধতি ও বাছাই কমিটি গঠন:</u>

৬.১ ব্যবস্থাপনা পরিচালকের নেতৃত্বে গঠিত বাছাই কমিটি কর্তৃক পল্লী সঞ্চয় ব্যাংকের সদর দপ্তর, জেলা ও শাখা অফিসসমূহের কর্মচারীদের মধ্য হতে পুরস্কার প্রদানের জন্য কর্মচারী নির্বাচন করা হবে। বাছাই কমিটি গঠনে উপ-ব্যবস্থাপনা পরিচালক, ব্যাংকের মহাব্যবস্থাপক এবং নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ বাছাই কমিটির সদস্য হবে। ব্যাবস্থাপনা পরিচালক যে কোন কর্মচারীকে সদস্য হিসেবে কো-অপট করতে পারবেন।

৬.২ ব্যাংকের সদর দপ্তরের কর্মচারীদের মধ্য হতে অনুচ্ছেদ ৩.১ মোতাবেক ২ (দুই) জনকে, আওতাধীন মাঠ পর্যায়ের জেলা/শাখা অফিস প্রধানদের মধ্য হতে অনুচ্ছেদ ৩.২ মোতাবেক একজনকে, অনুচ্ছেদ ৩.৪ মোতাবেক একজনকে এবং অনুচ্ছেদ ৩.৩ মোতাবেক ২ (দুই) জনকে পুরস্কার প্রদানের জন্য ব্যবস্থাপনা পরিচালকের নেতৃত্বে গঠিত বাছাই কমিটি কর্তৃক নির্বাচন করা হবে।

৬.৩ প্রত্যেক জেলা ও শাখা ম্যানেজার অনুচ্ছেদ ৩.৫ অনুযায়ী তাঁর আওতাধীন শাখা অফিসের মধ্য হতে ২ (দুই) জন কর্মচারী পুরস্কারের জন্য মনোনয়নপূর্বক বাছাই কমিটিতে প্রেরণ করবেন। এর মধ্যে ব্যবস্থাপনা পরিচালকের নেতৃত্বে গঠিত বাছাই কমিটি অনুচ্ছেদ ৩.৫ অনুযায়ী ২ (দুই) জন কর্মচারীকে পুরস্কারের জন্য নির্বাচন করবেন;

৬.৪ প্রত্যেক বছর জুলাই মাসের ১ম সপ্তাহে বাছাই কমিটি পল্লী সঞ্চয় ব্যাংকের কর্মচারীদের মধ্য হতে অনুচ্ছেদ ৩ ও ৫ অনুসরণপূর্বক বাছাইয়ান্তে পুরস্কারের জন্য মোট ৮ জন কর্মচারীকে চূড়ান্তভাবে নির্বাচিত করবেন। কর্তৃপক্ষ বছরের পরবর্তী বার্ষিক সম্মেলন অথবা সুবিধাজনক যে কোন সময়ে পুরস্কার প্রদানের ব্যবস্থা করবে।

৭. <u>পুরস্কারের মান:</u>

পুরস্কার হিসেবে একটি সনদপত্র, একটি সম্মাননা স্মারক (ক্রেস্ট) এবং এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান করা হবে।

৮. পরিচালনা বোর্ড , সময় সময়, এই নীতিমালা পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন/সংযোজন করতে পারবে।

পরিচালনা বোর্ডের অনুমোদনক্রমে,

১৭.৮.২৩

(আকবর হোসেন)
ব্যবস্থাপনা পরিচালক (অতিঃ সচিব)
পল্লী সঞ্চয় ব্যাংক